কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা)

ব্যবহারকারীর নির্দেশিকা
কারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন

মড্যুল ১

লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা)
মড্যুল ১

কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন
ব্যবহারকারীর নির্দেশিকা

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রথম প্রকাশ: জুন ২০১৭

লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) তৈরি করা হয়েছে কানাডা, নেদারল্যান্ডস, যুক্তরাজ্য ও আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)'র 'তৈরি পোশাক শিল্পে কর্ম-পরিবেশ উন্নয়ন কর্মসূচি'-এর সহায়তায়। সফটওয়্যারটি তৈরিতে কারিগরি সহায়তা করেছে টেকনোভিস্তা লিমিটেড।

ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে বর্তমানে অন্যতম গুরুত্বপূর্ণ একটি প্রতিষ্ঠান কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর । কর্মক্ষেত্রে শ্রমিকদের পেশাগত সেইফটি, স্বাস্থ্য ও কল্যাণ, চাকরীর শর্তাবলী সংক্রান্ত আইনানুগ বিধানাবলীর প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করাই মূলত এই প্রতিষ্ঠানের প্রধান লক্ষ্য।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কার্যক্রমকে যুগোপযোগী করার জন্য অনেক উদ্যোগের একটি হলো ডিজিটাল পরিদর্শন প্রবর্তন করা। এই ব্যবস্থা এই অধিদপ্তরের কাজ সমূহকে সহজ করবে এবং এসব কাজ থেকে প্রাপ্ত তথ্য সঠিকভাবে সংরক্ষণ ও ব্যবহার করতে সাহায্য করবে। আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও)'র কারিগরি সহায়তায় গড়ে তোলা এই সিস্টেমে নিচের মড্যুলগুলি রয়েছে:

মড্যুল ১ - কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন, যার মাধ্যমে কারখানার লেআউট পরিকল্পনা, নিবন্ধন এবং নবায়ন অনলাইনে সারা যাবে।

মড্যুল ২ - শ্রম পরিদর্শন ব্যবস্থা , যার মাধ্যমে শ্রম পরিদর্শনের পরিকল্পনা প্রণয়ন, মোবাইল অ্যাপের মাধ্যমে চেকলিস্ট পূরণ, পরিদর্শন পরবর্তী কার্যক্রম এবং এ সংক্রান্ত মামলা ব্যবস্থাপনা করা যাবে।

মড্যুল ৩ - পেশাগত স্বাস্থ্য ও সেইফটি, যাতে কলকারখানার সেফটি কমিটি, পেশাগত সেইফটি ও স্বাস্থ্য বিশেষজ্ঞদের ডেটাবেজ এবং পেশাগত দুর্ঘটনা প্রজ্ঞাপনের কাজ অনলাইনে করা যাবে।

মড্যুল ৪ - তথ্য ব্যবস্থাপনা, যার মাধ্যমে এই অধিদপ্তরের সকল কাজ থেকে প্রাপ্ত তথ্য সঠিকভাবে সংরক্ষণ ও ব্যবহার করা যাবে।

এই প্রশিক্ষণ ম্যানুয়ালে বিভিন্ন মড্যুল ব্যবহারের বিস্তারিত নিয়ম বর্ণনা করা হয়েছে যা দেখে এই অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা এই সিস্টেম ব্যবহার শিখতে সক্ষম হবেন।

মো: সামছুজ্জামান ভূইয়া
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

সূচীপত্র

১.০ কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন..... 1

২.০ ব্যবহারকারী পরিসেবা..... 3

২.১ লগ ইন 3
২.২ ড্যাশবোর্ড 4
২.৩ প্রোফাইল সম্পাদনা..... 5
২.৪ পাসওয়ার্ড পরিবর্তন 6
২.৫ লগ আউট..... 7

৩.০ লেআউট প্ল্যান অনুমোদনের আবেদন..... 8

৪.০ লাইসেন্স আবেদন.....11

৫.০ লাইসেন্স আবেদন অনুমোদন.....13

৬.০ লাইসেন্স ক্যাটাগরি পরিবর্তন.....16

৭.০ লাইসেন্স সংশোধন.....18

৮.০ লাইসেন্স নবায়ন.....21

৯.০ লাইসেন্স ডুপ্লিকেট / প্রতিলিপি.....23

১০.০ লাইসেন্স স্থগিত.....25

১১.০ লাইসেন্স পুণর্বহাল.....26

১২.০ লাইসেন্স বাতিলকরণ.....27

১৩.০ প্রতিবেদন 29

১৪.০ উপসংহার.....30

ব্যবহারকারীর নির্দেশিকা

১.০ কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন

কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন মড্যুলটির উদ্দেশ্য হচ্ছে DIFE এবং কলকারখানা/প্রতিষ্ঠানগুলোর নিবন্ধন প্রক্রিয়া স্বয়ংক্রিয় করা। এই মড্যুলে যে কাজগুলো স্বয়ংক্রিয় পদ্ধতিতে সম্পাদিত করা যাবে তা হল;

- কলকারখানার লেআউট প্ল্যান অনুমোদনের আবেদন এবং অনুমোদন
- লাইসেন্সের জন্য আবেদন এবং অনুমোদন
- ফ্যাক্টরি লাইসেন্স ক্যাটাগরি পরিবর্তন
- লাইসেন্স সংশোধন
- লাইসেন্স নবায়ন
- লাইসেন্সের প্রতিলিপি গ্রহণ/প্রেরণ
- লাইসেন্স বাতিলকরণ
- লাইসেন্স স্থগিতকরণ
- লাইসেন্স পুনর্বহালকরণ

এছাড়া কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন সংক্রান্ত প্রয়োজনীয় কিছু প্রতিবেদন বাংলা ও ইংরেজি তে দেখা যাবে।

এই মড্যুলের কার্যপ্রবাহ নিচের চিত্রসমূহে দেখানো হলো।



চিত্র : আবেদন জমা প্রক্রিয়া

আবেদনকারী লিমা পোর্টালের মাধ্যমে তাঁর প্রতিষ্ঠানের লাইসেন্সের আবেদন করতে লাইসেন্স ফর্ম পূরণ করবেন এবং নিজের অ্যাকাউন্ট তৈরির জন্য অ্যাকাউন্টের তথ্যাদি দিবেন ও পাসওয়ার্ড দিবেন। ফর্মটি সাবমিট করার সাথে সাথে তাঁকে এই পোর্টালে একটি অ্যাকাউন্ট তৈরি করে দেয়া হবে এবং তা ইমেইলের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। তাঁর সাবমিটকৃত আবেদন সরাসরি লাইসেন্সিং কর্তৃপক্ষের কাছে চলে যাবে।



চিত্র : আবেদনের পরিদর্শনের দায়িত্ব অর্পণ করা

আবেদনটি আবেদনের ধরণ এবং ইন্ডাস্ট্রিয়াল সেক্টরভেদে ডিআইজি /আইজি'র নিকট জমা পড়বে। তিনি আবেদনটিতে পরিদর্শন দরকার কিনা তা উল্লেখ করে এবং মন্তব্য লিখে , প্রয়োজনে ডেডলাইন দিয়ে আবেদনটির দায়িত্ব একজন ইন্সপেক্টরকে বুঝিয়ে দিবেন।



চিত্র : পরিদর্শন এবং লাইসেন্স ইস্যু প্রক্রিয়া

দায়িত্বপ্রাপ্ত আবেদনটি পর্যবেক্ষণ করে যদি তাতে কোনো সংশোধন দরকার পড়ে তাহলে দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক তা নিজে সংশোধন করবেন অথবা আবেদনকারীকে ফেরত পাঠাতে পারবেন। এভাবে চক্রটি যতবার দরকার ঘুরিয়ে আবেদনটি সঠিক করে পর্যবেক্ষণ শেষ করে , তাতে পরিদর্শন দরকার হলে পরিদর্শন করবেন , অন্যথায় তা পর্যবেক্ষিত হয়েছে মর্মে ডিআইজি /আইজি'র কাছে চলে যাবে। ডিআইজি /আইজি ইচ্ছা করলে পুনরায় আবেদনটির দায়িত্ব অন্য কোনো ইন্সপেক্টরকে অর্পণ করতে পারেন। এভাবে আবেদনের যাবতীয় শর্ত পূরণ নিশ্চিত করে ডিআইজি /আইজি মহোদয় চাইলে আবেদনটির প্রেক্ষিতে লাইসেন্স ইস্যু করতে পারেন।

২.০ ব্যবহারকারী পরিসেবা

২.১ লগ ইন

শ্রম ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) থেকে বিভিন্ন ধরনের কাজ করা যায়। এর জন্য প্রথমেই সিস্টেমে লগইন করতে হবে। লগইন করার জন্য প্রত্যেক employee এর নির্দিষ্ট ই-মেইল ও পাসওয়ার্ড থাকবে।

লগইন করার জন্য নিচের ধাপসমূহ অনুসরণ করুন:

ধাপ	বর্ণনা
০১.	এই মড্যুলে প্রবেশ করার জন্য যেকোনো ওয়েব ব্রাউজার খুলে Address bar এ শ্রম ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) এর URL টি লিখে Enter Button এ চাপ দিন। তাহলে হোম পেজটি দেখতে পাবেন। চিত্র : হোম পেজ

ধাপ	বর্ণনা
০২.	সিস্টেমটি বাংলা এবং ইংরেজি দুই ফরমেট এ দেখা যায়। হোম পেজ থেকে বাংলায় দেখতে বাংলায় দেখুন লিঙ্কে এবং ইংরেজিতে দেখতে Switch to English লিঙ্কে ক্লিক করুন । এই লিঙ্ক হোম পেজের উপরের ডানপাশে বিদ্যমান।
০৩.	"লগইন করুন" শীর্ষক বক্সে নিজের ইমেইল এবং পাসওয়ার্ড টাইপ করে লগইন বাটনে ক্লিক করুন। এর ফলে ব্যবহারকারী সিস্টেমে প্রবেশ করতে পারবে।  চিত্র : লগইন

২.২ ড্যাশবোর্ড

সফলভাবে লগ ইন করার পর একজন ব্যবহারকারী প্রথমেই সিস্টেমের ড্যাশবোর্ড দেখতে পায়। এখানে লিমা এর চারটি মড্যুলের আইকন দেখা যাবে। এই মড্যুলে প্রবেশের জন্য " কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন (এফডি) " আইকনে ক্লিক করুন।



চিত্র : সিস্টেম ড্যাশবোর্ড

এর ফলে এই মড্যুলের ড্যাশবোর্ড দেখা যাবে। এর বামপাশে রয়েছে বিভিন্ন মেন্যু এবং তার অন্তর্গত সাব-মেন্যু, যার মাধ্যমে সিস্টেমের বিভিন্ন পেজ দেখা যায়।



চিত্র : মড্যুল ড্যাশবোর্ড

২.৩ প্রোফাইল সম্পাদনা

একজন ব্যবহারকারী সিস্টেমে প্রবেশের পর তার নিজের কিছু তথ্য পরিবর্তন করতে পারবেন, যেমন- ইমেইল, ফোন নম্বর ইত্যাদি।

প্রোফাইল সম্পাদনার জন্য নিচের ধাপসমূহ অনুসরণ করুন:

ধাপ	বর্ণনা
০১.	প্রোফাইল সম্পাদন করার জন্য পেজটির উপরের ডানদিকের অংশে ব্যবহারকারীর নামের পাশে চিহ্নে ক্লিক করে আমার প্রোফাইল সাব-মেন্যুতে ক্লিক করুন।  চিত্র : প্রোফাইল সম্পাদনের সাব-মেন্যু
০২.	ক্লিক করলে নিচের পেজটি দেখা যাবে। প্রয়োজনীয় তথ্যসমূহ পরিবর্তন করে সংরক্ষণ বাটনে ক্লিক করলে পরিবর্তিত তথ্যসমূহ সিস্টেমে সংরক্ষিত হবে।

ধাপ	বর্ণনা
	 চিত্র : প্রোফাইল সম্পাদন পেজ

২.৪ পাসওয়ার্ড পরিবর্তন

একজন ব্যবহারকারীর প্রোফাইলের নিরাপত্তার জন্য কিছুদিন পর পর পাসওয়ার্ড পরিবর্তন করা উচিত। পাসওয়ার্ড পরিবর্তনের জন্য নিচের ধাপগুলো অনুসরণ করুন:

ধাপ	বর্ণনা
০১.	পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য পেজটির উপরের ডানদিকের অংশে ব্যবহারকারীর নামের পাশে চিহ্নে ক্লিক করে পাসওয়ার্ড পরিবর্তন করুন সাব-মেন্যুতে ক্লিক করুন।  চিত্র : পাসওয়ার্ড পরিবর্তন সাব-মেন্যু
০২.	ক্লিক করলে নিচের পেজটি দেখা যাবে। 'পুরাতন পাসওয়ার্ড' ফিল্ডে বর্তমান পাসওয়ার্ড, 'নতুন পাসওয়ার্ড' ফিল্ডে নতুন পাসওয়ার্ড এবং 'পাসওয়ার্ড নিশ্চিত' ফিল্ডে নতুন পাসওয়ার্ডটি পুনরায় টাইপ করতে হবে।

ধাপ	বর্ণনা
	অতঃপর পাসওয়ার্ড পরিবর্তন বাটনে ক্লিক করলে পাসওয়ার্ড পরিবর্তন হয়ে যাবে। চিত্র : পাসওয়ার্ড পরিবর্তন পেজ
০৩.	নতুন পাসওয়ার্ডটিতে কমপক্ষে ছয়টি অক্ষর থাকতে হবে, যা বর্ণ(upper and lower case), সংখ্যা ও বিশেষ চিহ্নের সমন্বয়ে গঠিত হতে হবে।

২.৫ লগ আউট

কাজ শেষ হওয়ার পর সিস্টেম থেকে বের হওয়ার জন্য লগ আউট করতে হবে। এর ফলে অনাকাঙ্খিত ব্যবহার রোধ করা যায়।

লগ আউট করতে নিচের ধাপসমূহ অনুসরণ করুন:

ধাপ	বর্ণনা
০১.	সিস্টেম থেকে বের হবার জন্য পেজটির উপরের ডান দিকের অংশে ব্যবহারকারীর নামের পাশে চিহ্নে ক্লিক করে লগ আউট সাব-মেন্যুতে ক্লিক করুন।  চিত্র : লগ আউট সাব মেন্যু

৩.০ লেআউট প্ল্যান অনুমোদনের আবেদন

ফ্যাক্টরি ব্যবহারকারীরা নির্ধারিত ওয়েবসাইট এ প্রবেশ করার জন্য যেকো নো ওয়েব ব্রাউজার খুলে Address bar এ লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) এর URL লিখে Enter বাটনে ক্লিক করলে নিচের হোম পেজটি দেখতে পারবেন।

চিত্র : হোম পেজ

এখন একজন কারখানার প্রতিনিধি উক্ত কারখানার/প্রতিষ্ঠানের জন্য লাইসেন্সের আবেদন করতে লাইসেন্স আবেদন করুন লিঙ্কে ক্লিক ক রুন, ফলে সিস্টেম লাইসেন্স আবেদন ফরমটিতে নিয়ে যাবে। সেখানে লাইসেন্সের ধরণ-এ 'কারখানা' সিলেক্ট করলে সিস্টেম , লেআউট অনুমোদনের আবেদনের জন্য একটি বাটন প্রদর্শিত করবে।



চিত্র : প্রতিষ্ঠানের লাইসেন্স প্রাপ্তির আবেদন পেজ

লেআউট অনুমোদনের আবেদন বাটনে ক্লিক করলে সিস্টেম লে আউট অনুমোদনের আবেদনের পেজ -এ নিয়ে যাবে। [শুধুমাত্র কলকারখানার ক্ষেত্রে লেআউট অনুমোদনের আবেদনের প্রয়োজন]।

এখন শ্রেণীবিন্যাস/ইন্ডাস্ট্রিয়াল সেক্টর সিলেক্ট করুন এবং মালিকের পরিচিতি, কলকারখানার প্রাথমিক তথ্যাদি ও অবস্থান সংক্রান্ত তথ্যাদি প্রদান করুন। এছাড়া ভবনের অনুমোদন ও কর্মপরিবেশ সংক্রান্ত তথ্যাদি প্রদান করুন ।



কারখানার তথ্যাদি

ফর্ম ৭৬ - ধারা ৩২৬ এবং বিধি ৩৫৩(২)

নিশ্চিন্ত থাকুন, আপনি কারখানার লেআউট আবেদনটি জমা করার সাথে সাথেই লাইসেন্সের জন্য আবেদন করতে পারবেন।

শ্রেণীবিন্যাস/ইন্ডাস্ট্রিয়াল সেক্টর *
গার্মেন্টস ইন্ডাস্ট্রি

মালিকের পরিচিতি

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম *
আলমগির কবির

মালিকের বর্তমান ঠিকানা *
বনানী, ঢাকা

মালিকের স্থায়ী ঠিকানা *
বনানী, ঢাকা

কারখানার প্রাথমিক তথ্যাদি

কারখানার পূর্ণ নাম *
কবির এপারেলস লিমিটেড

কারখানার প্রধান কার্যালয়ের ঠিকানা *
বনানী, ঢাকা

কারখানার সাথে পত্র যোগাযোগের ঠিকানা *
রোড ২১, আমিনা ভবন, বনানী, ঢাকা

কারখানার অবস্থান

বিভাগ *
ঢাকা

জেলা *
ঢাকা

উপজেলা/থানা *
বনানী

ডাকঘর *
বনানী

সড়ক নং.
২১

বাড়ি/ হোল্ডিং/ গ্রাম/ মহল্লা *
আমিনা ভবন

ডাকঘর (বাংলায়)

রোড নং (বাংলায়)

বাড়ি/ হোল্ডিং/ গ্রাম/ মহল্লা (বাংলায়)

নিকটতম রেলস্টেশন/স্টিমারঘাট/লঞ্চঘাট

নিকটতম বাসস্টপেজ

ভবনের অনুমোদন তথ্যাদি

কারখানাটি যে ভবনে অবস্থিত, তা একাধিক তলাবিশিষ্ট হলে ভবনের নকশা অনুমোদনকারী কর্তৃপক্ষের নাম, অনুমোদনের তারিখ এবং নম্বর উল্লেখ করুন

অনুমোদনকারী কর্তৃপক্ষের নাম *
রাজউক

অনুমোদনের তারিখ *
03-03-2011

রেফারেন্স নাম্বার *
২২২০০০৪৫১

প্রণীত স্ট্রাকচারাল ডিযাইন/ড্রইং-এ ভবনের লোড বহন ক্ষমতা *
২২০০০ টন

কর্মপরিবেশ সংক্রান্ত তথ্যাদি

স্থাপিতব্য যন্ত্রপাতির বিবরণ *
এমব্রয়ডারি মেশিন

চালু অবস্থায় উৎপন্ন লোডের পরিমাণ *
১৫০০০

পুনশ্চ, প্রতিষ্ঠানের প্রকারভেদে পরিদর্শকের চাহিদা অনুযায়ী আরো তথ্য/সনদ প্রয়োজন হতে পারে

চিত্র : প্রতিষ্ঠানের লেআউট অনুমোদনের আবেদন পেজ

অ্যাকাউন্ট তৈরির তথ্যাদি অংশে পূর্ণ নাম, ইমেইল ও পাসওয়ার্ড টাইপ করুন।



চিত্র1: প্রতিষ্ঠানের লেআউট অনুমোদনের আবেদন পেজ

এবার, প্রয়োজনীয় তথ্যাদি দেওয়ার পর ব্যবহারকারী একটি খসড়া তৈরি করতে পারবে ন। কলকারখানার তথ্যাদি ফরমের নিম্নাংশে 

বাটনে ক্লিক করলে সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে ইউজারের একটি একাউন্ট তৈরি হয়ে যাবে। এখন প্রয়োজনীয় 'সংযুক্তি' যেমন,মালিকানা সংক্রান্ত নথি (ভাড়ার চুক্তিপত্র/জমির দলিল), ফায়ার সার্ভিস থেকে অনাপত্তি সনদ -NOC (বহুতল ভবনের ক্ষেত্রে), স্থানীয় জনপ্রতিনিধি প্রদত্ত অনাপত্তি সনদ , পরিবেশ অধিদপ্তর প্রদত্ত অনাপত্তি সনদ(প্রযোজ্য ক্ষেত্রে), ট্রেড লাইসেন্সের কপি সংযোজন করে 

বাটনে ক্লিক করলে, আবেদনটি দাখিল হয়ে যাবে। [খসড়া তৈরি করার পর দাখিল বাটনটি দেখা যাবে] সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে ব্যবহারকারীকে ড্যাশবোর্ড-এ নিয়ে যাবে এবং ব্যবহারকারী তার আবেদনের স্ট্যাটাস দেখতে পারবে। আবেদন করলে অযাচাইকৃত দেখাবে এবং লাইসেন্স ইস্যু হয়ে গেলে নিবন্ধিত দেখাবে।



চিত্র : ড্যাশবোর্ড - অযাচাইকৃত প্রতিষ্ঠান



চিত্র : ড্যাশবোর্ড - নিবন্ধিত প্রতিষ্ঠান

[নোটঃ উক্ত ব্যবহারকারী পরবর্তীতে এই অ্যাকাউন্ট হতে একাধিক কলকারখানা/প্রতিষ্ঠানের জন্য আবেদন করতে পারবেন]

৪.০ লাইসেন্স আবেদন

শ্রম পরিদর্শন ব্যবস্থাপনা অ্যাপ্লিকেশন হোম পেজ থেকে কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্সের জন্য আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে একজন ব্যবহারকারী শ্রম পরিদর্শন ব্যবস্থাপনা অ্যাপ্লিকেশন হোম পেজ এর 

বাটনে ক্লিক করলে অথবা একজন লগইনকৃত ব্যবহারকারী ড্যাশবোর্ড -এর 

বাটনে ক্লিক করলে লাইসেন্স আবেদন ফরমটি ওপেন হবে।

এখানে প্রতিষ্ঠানের পরিচিতি ও অবস্থান সংক্রান্ত তথ্যাদি প্রদান করুন।



চিত্র : প্রতিষ্ঠানের পরিচিতি ও অবস্থান

ভবনের তথ্যাদি যেমন; ভবনের স্বত্বাধিকারী নাম, ভবনের স্বত্বাধিকারী ঠিকানাসহ অন্যান্য তথ্যাদি প্রদান করুন।



চিত্র : ভবনের তথ্যাদি

মালিক/পরিচালক সিলেক্ট করে ঐ ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি টাইপ করুন।



চিত্র : মালিক/পরিচালকের তথ্যাদি

কলকারখানা/প্রতিষ্ঠানের বিদ্যুৎশক্তির বিবরণ প্রদান করুন।



চিত্র : বিদ্যুৎশক্তির বিবরণ

কলকারখানা/প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীর বিবরণ যেমন পুরুষ, মহিলা শ্রমিক/কর্মচারীর সংখ্যা সংক্রান্ত তথ্যাদি প্রদান করুন।



চিত্র : শ্রমিক/কর্মচারীর বিবরণ

কলকারখানা/প্রতিষ্ঠানটি যদি কোন সংস্থার সদস্য হয়ে থাকে তাহলে সেই সংক্রান্ত তথ্যাদি প্রদান করুন, এছাড়া যে অর্থ বছর এর জন্য লাইসেন্স আবেদন করা হবে সেই অর্থ বছর সিলেক্ট করে লাইসেন্স ফি সংক্রান্ত তথ্যাদি প্রদান করুন।



চিত্র : লাইসেন্স ফি

এবার, প্রয়োজনীয় তথ্যাদি দেওয়ার পর ব্যবহারকারী একটি খসড়া তৈরি করতে পারবে ন। এখন কোনো প্রয়োজনীয় সংযুক্তি সংযোজন করে 

বাটনে ক্লিক করলে, আবেদনটি দাখিল হয়ে যাবে। [খসড়া তৈরি করার পর দাখিল বাটনটি দেখা যাবে]।

৫.০ লাইসেন্স আবেদন অনুমোদন

কোন লাইসেন্স বা লেআউট এর আবেদন দাখিল করার পর আবেদনটি ওই অফিসের ডিআইজি/আইজি বরাবর চলে যাবে এবং ডিআইজি/আইজি লগইন করে আবেদন পত্র মেন্যুতে প্রবেশ করলে আবেদনপত্র তালিকায় উক্ত আবেদনটি দেখতে পারবেন।



চিত্র : প্রতিষ্ঠানের লাইসেন্স আবেদন তালিকা

এখন “ ” ভিউ বাটনে ক্লিক করলে কলকারখানার তথ্যাদি দেখা যাবে। এখান থেকে ডিআইজি/আইজি নিজেই আবেদনটি অনুমোদন করে দিতে পারবেন। কিংবা অপরাপর ইন্সপেক্টরদেরকে আরোপ করে দিতে পারবেন। যদি আবেদনের প্রেক্ষিতে পরিদর্শন আবশ্যক হয়, তখন তিনি পরিদর্শন স্ট্যাটাসে পরিদর্শন আবশ্যক বলে দিবেন। পরিদর্শন আবশ্যক হলে তা শ্রম পরিদর্শন সিস্টেম মড্যুল-এর মাধ্যমে পরিদর্শিত হবে। তিনি নিজে যদি “পরিদর্শন অপেক্ষমাণ” বাছাই করেন, তাহলে পরিদর্শন তিনি নিজেই করতে পারবেন। তবে অবশ্যই তখন পরিদর্শন আবশ্যক বাছাই করে দাখিল করবেন। তিনি যদি আবেদন স্থগিত করেন, তাহলে আবেদনটি আবেদনকারীর নিকট ফেরত যাবে। সর্বক্ষেত্রেই তিনি মন্তব্য যোগ করতে পারবেন।



চিত্র : প্রতিষ্ঠানের লাইসেন্স আবেদন প্রবাহ

দায়িত্বপ্রাপ্ত ইন্সপেক্টর, লগ ইন করার পর তার আবেদনপত্র পেজ-এ উক্ত আবেদনটি দেখতে পারবেন।



চিত্র : প্রতিষ্ঠানের লাইসেন্স আবেদন তালিকা

এখন ইন্সপেক্টর রিভিউ করার পর সাবমিট বাটনে ক্লিক করলে আবেদনটি আবার ডিআইজি/আইজি বরাবর চলে যাবে। এক্ষেত্রে ইন্সপেক্টর যদি কোনো কারণে স্থগিত বাটন এ ক্লিক করে ন তাহলে আবেদনটি আবেদনকারী বরাবর চলে যাবে এবং আবেদনকারী কোনো ভুল করলে তা সংশোধন করে আবার আবেদন করবে ন।



চিত্র : প্রতিষ্ঠানের লাইসেন্স আবেদন রিভিউ

ইন্সপেক্টর দ্বারা রিভিউ করার পর ডিআইজি/আইজি আবেদন পত্র পেজ এ উক্ত আবেদনটি দেখতে পারবেন। এখন ভিউ বাটনে ক্লিক করলে আবেদনটি বিস্তারিত আকারে আসবে এবং ডিআইজি/আইজি অনুমোদন করে দিবেন এবং উক্ত আবেদনটি অনুমোদিত অবস্থায় দেখাবে।

চিত্র : কলকারখানা ও প্রতিষ্ঠান তালিকা

ডিআইজি/আইজি মহোদয়কে এখন প্রতিষ্ঠান মেন্যুতে গিয়ে উক্ত কারখানা /প্রতিষ্ঠানের লাইসেন্স ইস্যু করার জন্য বাটনে ক্লিক করুন।



চিত্র : লাইসেন্স ব্যবস্থাপনা

এখন ইস্যু রেডিও বাটনে ক্লিক করুন এবং অন্যান্য তথ্যাদি দিয়ে দাখিল করলে লাইসেন্স ইস্যু হয়ে যাবে। ফলে ফ্যাক্টরি ব্যবহারকারী-এর ড্যাশবোর্ড-এ উক্ত আবেদনকৃত প্রতিষ্ঠানটির স্ট্যাটাস নিবন্ধিত দেখাবে এবং ব্যবহারকারী লাইসেন্সটির জন্য নিম্নোক্ত এক্সেসগুলো পাবেন:

চিত্র : কলকারখানা ও প্রতিষ্ঠানের ব্যবহারকারীর ড্যাশবোর্ড

ব্যবহারকারী কলকারখানা/প্রতিষ্ঠানের ক্যাটাগরি পরিবর্তন করার আবেদন অথবা কলকারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্স সংশোধন/নবায়ন/প্রতিলিপি/বাতিলকরণ এর আবেদন ব্যবহারকারী উপরে চিত্রে দেখানো আইকন গুলোতে ক্লিক করে করতে পারবে।

৬.০ লাইসেন্স ক্যাটাগরি পরিবর্তন

কোন কারণে যদি কোন কল কারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারী তার কলকারখানা/প্রতিষ্ঠানের ক্যাটাগরি পরিবর্তন করতে চান সেক্ষেত্রে সিস্টেমে লগইন করে কল কারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারীর ড্যাশবোর্ড চিত্রে দেখানো 

আইকনে ক্লিক করুন, ফলে সিস্টেম উক্ত পেজটি দেখাবে;

কলকারখানা/প্রতিষ্ঠানের শ্রমিক/কর্মচারীর সংখ্যা পরিবর্তন এর উপর ভিত্তি করেই কলকারখানা/প্রতিষ্ঠানের ক্যাটাগরি পরিবর্তন হয়। সেক্ষেত্রে পরিবর্তিত শ্রমিক/কর্মচারীর বিবরণ দিন।



চিত্র : ক্যাটাগরি পরিবর্তন (শ্রমিক/কর্মচারীর বিবরণ)

ক্যাটাগরি পরিবর্তন এর জন্য ফি জমা দিতে হয়, সেক্ষেত্রে অর্থ বছর সিলেক্ট করে ফি সংক্রান্ত তথ্যাদি দিন।



চিত্র : ক্যাটাগরি পরিবর্তন

এবার, প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে ব্যবহারকারী একটি খসড়া তৈরি করতে পারবে ন। এখন কোনো প্রয়োজনীয় সংযুক্তি সংযোজন করে সাবমিট বাটনে ক্লিক করলে, আবেদনটি দাখিল হয়ে যাবে। [খসড়া তৈরি করার পর দাখিল বাটনটি দেখা যাবে]

দাখিল করার পর পু নরায় লাইসেন্স আবেদন অনুমোদন-এ বর্ণিত প্রক্রিয়ার মাধ্যমে ক্যাটাগরি পরিবর্তন এর আবেদনটি অনুমোদিত হবে।

৭.০ লাইসেন্স সংশোধন

যদি কোন কল কারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারী উক্ত কলকারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্স সংশোধন করার জন্য সিস্টেমে লগইন করে কল কারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারীর ড্যাশবোর্ড চিত্রে দেখানো লাইসেন্স সংশোধন আইকনে ক্লিক করুন, ফলে সিস্টেম উক্ত পেজটি দেখাবে;

এখন প্রতিষ্ঠানের পরিচিতি ও অবস্থান সংক্রান্ত সংশোধিত তথ্যাদি প্রদান করুন।



চিত্র : প্রতিষ্ঠানের পরিচিতি



চিত্র : প্রতিষ্ঠানের অবস্থান

ভবনের সংশোধিত তথ্যাদি প্রদান করুন।



চিত্র : ভবনের তথ্যাদি

এছাড়া ভবনের উৎপাদিত পণ্যের তথ্য, ব্যবসার ধরণ ও মালিকের তথ্যাদি প্রদান করুন।

চিত্র : প্রধান পণ্যসমূহ



চিত্র : মালিক/পরিচালকের তথ্যাদি

কলকারখানা/প্রতিষ্ঠানের বিদ্যুৎশক্তির বিবরণ, কলকারখানা/প্রতিষ্ঠানটি যদি কোন সংস্থার সদস্য হয়ে থাকে তাহলে সেই সংক্রান্ত তথ্যাদি এবং লাইসেন্স সংশোধন ফি এর বিবরণ দিন।



চিত্র : বিদ্যুৎশক্তির বিবরণ



চিত্র : সংস্থার সদস্যপদের বিবরণ



চিত্র : লাইসেন্স সংশোধন ফি

এবার, প্রয়োজনীয় তথ্যাদি দেওয়ার পর একটি খসড়া করুন। [খসড়া তৈরি করার পর দাখিল বাটনটি জেনারেট হবে]

এখন কোনো প্রয়োজনীয় সংযুক্তি সংযোজন করে সাবমিট বাটনে ক্লিক করলে, আবেদনটি দাখিল হয়ে যাবে।

দাখিল করার পর পুনরায় লাইসেন্স আবেদন অনুমোদন-এ বর্ণিত প্রক্রিয়ার মাধ্যমে লাইসেন্স সংশোধন-এর আবেদনটি অনুমোদিত হবে।

৮.০ লাইসেন্স নবায়ন

কোন কলকারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারী উক্ত কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন করার জন্য সিস্টেমে লগইন করে কলকারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারীর ড্যাশবোর্ড চিত্রে দেখানো লাইসেন্স নবায়ন আইকনে ক্লিক করুন, ফলে সিস্টেম উক্ত পেজটি দেখাবে;



চিত্র : লাইসেন্স নবায়ন ফর্ম

প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে ব্যবহারকারী ফরমটি পূরণ করে সাবমিট বাটনে ক্লিক করলে উক্ত আবেদনটি দাখিল হয়ে যাবে।

দাখিল করার পর পু নরায় লাইসেন্স আবেদন অনুমোদন-এ বর্ণিত প্রক্রিয়ার মাধ্যমে নবায়নের আবেদনটি অনুমোদিত হবে।

অনুমোদিত লাইসেন্স একজন ডিআইজি/আইজি নবায়ন করতে পারবেন।

লক্ষ করুন, নবায়নের আবেদন অনুমোদিত হওয়ার সাথে সাথে ঐ প্রতিষ্ঠানের লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে নবায়ন হয়ে যাবে। এজন্য আলাদা করে প্রতিষ্ঠান মেন্যুতে গিয়ে নবায়ন করার দরকার নেই।

তবে সর্বক্ষেত্রে ডিআইজি/আইজি ম হোদয় লগইন করে কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন মড্যুল প্রতিষ্ঠান মেন্যুতে ক্লিক করে উক্ত প্রতিষ্ঠানের বাটনে ক্লিক করে লাইসেন্স নবায়ন করার সুযোগ থাকছে।

চিত্র : কলকারখানা ও প্রতিষ্ঠান তালিকা



চিত্র : লাইসেন্স ব্যবস্থাপনা - নবায়ন

এখন বাটনে ক্লিক করুন এবং অন্যান্য তথ্যাদি দিয়ে দাখিল করুন, ফলে সিস্টেম লাইসেন্স নবায়ন করে দিবে।

৯.০ লাইসেন্স ডুপ্লিকেট / প্রতিলিপি

কোন কল কারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারী উক্ত কলকারখানা/প্রতিষ্ঠানের জন্য ডুপ্লিকেট লাইসেন্স এর আবেদন করতে চায় সেক্ষেত্রে সিস্টেমে লগইন করে কল কারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারীর ড্যাশবোর্ড চিত্রে দেখানো ডুপ্লিকেট লাইসেন্স আইকনে ক্লিক করুন, ফলে সিস্টেম উক্ত পেজটি দেখাবে;



চিত্র : লাইসেন্স ডুপ্লিকেট ফর্ম

এবার, প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে ব্যবহারকারী একটি খসড়া তৈরি করতে পারবে ন। [খসড়া তৈরি করার পর দাখিল বাটনটি জেনারেট হবে]

এখন কোনো প্রয়োজনীয় সংযুক্তি সংযোজন করে সাবমিট বাটনে ক্লিক করলে, আবেদনটি দাখিল হয়ে যাবে।

দাখিল করার পর পুনরায় লাইসেন্স আবেদন অনুমোদন-এ বর্ণিত প্রক্রিয়ার মাধ্যমে ডুপ্লিকেট লাইসেন্স -এর আবেদনটি অনুমোদিত হবে।

লক্ষ করুন, ডুপ্লিকেট লাইসেন্স আবেদন অনুমোদিত হওয়ার সাথে সাথে ঐ প্রতিষ্ঠানের ডুপ্লিকেট লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে হয়ে যাবে। এজন্য আলাদা করে প্রতিষ্ঠান মেন্যুতে গিয়ে ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু করার দরকার নেই। তবে সর্বক্ষেত্রে ডিআইজি/আইজি মহোদয় লগ ইন করে কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন মড্যুলের প্রতিষ্ঠান মেন্যুতে ক্লিক করার পর উক্ত প্রতিষ্ঠানের বাটনে ক্লিক করে ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু করার সুযোগ থাকছে।

চিত্র : কলকারখানা ও প্রতিষ্ঠান তালিকা

সেক্ষেত্রে ম্যানুয়ালি ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু করার জন্য উক্ত প্রতিষ্ঠানের বাটনে ক্লিক করুন;



চিত্র : লাইসেন্স ব্যবস্থাপনা - ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু

এখন ডুপ্লিকেট দিন বাটনে ক্লিক করুন এবং অন্যান্য তথ্যাদি দিয়ে দাখিল করুন, ফলে সিস্টেম ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু করে দিবে।

১০.০ লাইসেন্স স্থগিত

ডিআইজি/আইজি কোনো প্রতিষ্ঠানের বিধিমালা ব র্ণিত যেকোনো কার ণে লাইসেন্স স্থগিত করতে পারেন । সেক্ষেত্রে ডিআইজি/আইজি মহোদয়কে লগইন করে কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন মডিউলে প্রতিষ্ঠান মেন্যুতে ক্লিক করতে হবে;

চিত্র : কলকারখানা/প্রতিষ্ঠান তালিকা

এখন লাইসেন্স স্থগিত করার জন্য উক্ত প্রতিষ্ঠানের বাটনে ক্লিক করুন;



চিত্র : লাইসেন্স ব্যবস্থাপনা

এখন 

বাটনে ক্লিক করুন এবং অন্যান্য তথ্যাদি দিয়ে দাখিল করুন, ফলে সিস্টেম লাইসেন্সটি বর্ণিত সময়ের জন্য স্থগিত করে দিবে।

১১.০ লাইসেন্স পুণর্বহাল

কোনো কলকারখানা/প্রতিষ্ঠানের স্থগিতকৃত লাইসেন্স পূণর্বহাল -এর আবেদন সেই কলকারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারী নিম্নে দেখানো পদ্ধতির মাধ্যমে করতে পারবেন;



চিত্র : প্রতিষ্ঠান-ব্যবহারকারীর ড্যাশবোর্ড

ব্যবহারকারী লগইন করে স্থগিতকৃত লাইসেন্স পূণর্বহাল এর জন্য আবেদন করার জন্য উপরোক্ত চিত্র অনুযায়ী লাইসেন্স পুণর্বহাল বাটনে ক্লিক করলে উক্ত ফর্মটি দেখা যাবে;

লাইসেন্স পুণর্বহাল এর ফি সংক্রান্ত তথ্য দিন এবং অর্থ বছর সিলেক্ট করুন।



চিত্র : পুণর্বহাল আবেদন ফর্ম

যেকোনো স্থগিতকৃত লাইসেন্স পু ণর্বহাল করতে ডিআইজি/আইজি মহোদয়কে লগ ইন করে FD মডিউলে কলকারখানা/প্রতিষ্ঠান মেন্যুতে ক্লিক করতে হবে;

চিত্র : কলকারখানা ও প্রতিষ্ঠান তালিকা

লক্ষ করুন, পুণর্বহাল আবেদন অনুমোদিত হওয়ার সাথে সাথে ঐ প্রতিষ্ঠানের লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে পুণর্বহাল হয়ে যাবে। এজন্য আলাদা করে প্রতিষ্ঠান মেন্যুতে গিয়ে লাইসেন্স পুণর্বহাল করার দরকার নেই।
তবে সর্বক্ষেত্রে ডিআইজি/আইজি মহোদয় লগ ইন করে কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন মড্যুলে প্রতিষ্ঠান মেন্যুতে ক্লিক করে উক্ত প্রতিষ্ঠানের বাটনে ক্লিক করে লাইসেন্স পুণর্বহাল করার সুযোগ থাকছে।



চিত্র : লাইসেন্স ব্যবস্থাপনা

সেখানে 

বাটনে ক্লিক করে, অন্যান্য তথ্যাদি দিয়ে দাখিল করলে সিস্টেম, লাইসেন্সটি পুণর্বহাল করে দিবে।

১২.০ লাইসেন্স বাতিলকরণ

কোন কলকারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারী যদি উক্ত কলকারখানা/প্রতিষ্ঠানের জন্য ডুপ্লিকেট লাইসেন্স এর আবেদন করতে চান সেক্ষেত্রে সিস্টেমে লগইন করে কল কারখানা/প্রতিষ্ঠানের ব্যবহারকারীর ড্যাশবোর্ড চিত্রে দেখানো 

আইকনে ক্লিক করুন, ফলে সিস্টেম উক্ত পেজটি দেখাবে;



চিত্র : লাইসেন্স বাতিল আবেদন ফর্ম

প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে ব্যবহারকারী ফরমটি পূরণ করে সাবমিট বাটনে ক্লিক করলে উক্ত আবেদনটি দাখিল হয়ে যাবে।

দাখিল করার পর পু নরায় লাইসেন্স আবেদন অনুমোদন-এ বর্ণিত প্রক্রিয়ার মাধ্যমে লাইসেন্স বাতিলের আবেদনটি অনুমোদিত হবে।

লক্ষ করুন, বাতিলের আবেদন অনুমোদিত হওয়ার সাথে সাথে ঐ প্রতিষ্ঠানের লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। এজন্য আলাদা করে প্রতিষ্ঠান মেন্যুতে গিয়ে লাইসেন্স বাতিল করার দরকার নেই।

তবে সর্বক্ষেত্রে ডিআইজি/আইজি ম হোদয় লগ ইন করে কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন মড্যুলের প্রতিষ্ঠান মেন্যুতে ক্লিক করে উক্ত প্রতিষ্ঠানের বাটনে ক্লিক করে লাইসেন্স বাতিল করার সুযোগ থাকছে। কারণ অনুমোদিত লাইসেন্স একজন ডিআইজি/আইজি যেকোনো সময় বাতিল করতে পারবে ন, এছাড়া ডিআইজি/আইজি কোনো আবেদন ছাড়াই যেকোনো প্রতিষ্ঠানের লাইসেন্স বাতিল করতে পা রেন।

চিত্র : কলকারখানা/প্রতিষ্ঠান তালিকা

সেক্ষেত্রে লাইসেন্স বাতিল করার জন্য উক্ত প্রতিষ্ঠানের বাটনে ক্লিক করুন;



চিত্র : লাইসেন্স ব্যবস্থাপনা

এখন 

বাটনে ক্লিক করুন এবং অন্যান্য তথ্যাদি দিয়ে দাখিল করুন, ফলে সিস্টেম লাইসেন্স বাতিল করে দিবে।

১৩.০ প্রতিবেদন

অনুমতিপ্রাপ্ত ব্যবহারকারী

মেন্যু ব্যবহার করে বিভিন্ন ধর ণের প্রতিবেদন দেখতে ও প্রিন্ট করতে পারবে ন। এছাড়াও প্রতিবেদনটি এক্সেল ও পিডিএফ ফাইল হিসেবে সংরক্ষণ করা যাবে।

লক্ষ করুন, কোনো প্রতিবেদনকে সম্পূর্ণ বাংলায় পেতে হলে পুরো সিস্টেমকে আগে বাংলা মোডে নিয়ে যেতে হবে। এর জন্য ড্যাশবোর্ড-এর নিচের বামদিকে 

বাটনে ক্লিক করতে হবে।

প্রতিবেদন দেখার জন্য নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করুন:

ধাপ	বর্ণনা
০১.	প্রতিবেদন দেখার জন্য অনুমতিপ্রাপ্ত ব্যবহারকারীকে তার ড্যাশবোর্ডের বাম পাশে 'Reports' মেন্যুতে ক্লিক করে কাঙ্ক্ষিত প্রতিবেদনের সাব মেন্যুতে ক্লিক করতে হবে।
০২.	ফরমের ড্রপ ডাউন তালিকা থেকে কাঙ্খিত তথ্য নির্বাচন করে  বাটনে ক্লিক করতে হবে। চিত্র : প্রতিবেদন জেনারেট পেজ
০৩.	এর ফলে কাঙ্খিত প্রতিবেদনটি দেখা যায়।

ধাপ	বর্ণনা
	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **প্রতিষ্ঠানসমূহের তালিকা** তারিখ: 29-01-2017 - 23-04-2017

নং.	কারখানার নাম	ঠিকানা	ফোন	অবস্থান		ব্যবস্থাপনা পরিচালকের নাম ও ফোন নং	ব্যবস্থাপনা পরিচালকের পদবি
				থানা	জেলা		
1	ফার্স্ট এন্ড ফেয়ার ফ্যাশন ওয়্যার প্রাইভেট লি :	হোল্ডিং #২০৫৯,জয় বাংলা রোড ,জাতীয় বিশ্ববিদ্যালয় , 111, Gazipur,	01713123720	গাজীপুর সদর	ঢাকা	Niaz Uddin Phone2	
2	কালিম্পং ক্রিকেট বল কারখানা	৭৭৯/বি কালাপানি পাড়া, ৮৬২, অচেনা ডাকঘর,	+836-80-1559631	ফরিদগঞ্জ	চট্টগ্রাম		

চিত্র : প্রতিবেদন

০৪.	প্রতিবেদন প্রিন্ট করার জন্য [প্রাকদর্শন] বাটনের ডানপাশের [ ] বাটনে ক্লিক করে প্রিন্ট [প্রিন্ট] নির্বাচন করলে প্রতিবেদনটি প্রিন্ট হবে।

১৪.০ উপসংহার

এই ব্যবহারকারী নির্দেশিকাটি ব্যবহারকারীর ব্যবহারের সুবিধার্থে সহজ ভাষায় তৈ রি করা হয়েছে। মড্যুলটির মাধ্যমে নিবন্ধনকৃত কলকারখানা ও প্রতিষ্ঠানগুলো পেশাগত স্বাস্থ্য ও সেইফটি এবং শ্রম পরিদর্শন ব্যবস্থা মড্যুলে ব্যবহার হবে। যেহেতু মড্যুলটি কলকারখানা ও প্রতিষ্ঠান ও DIFE কর্তৃক ব্যবহৃত হবে সেহেতু আশা করা যায়, ব্যবহারকারী এই ব্যবহারকারী নির্দেশিকা- টি অনুসরণ করে যথাযথভাবে কলকারখানা ও প্রতিষ্ঠান নিবন্ধন মড্যুলটি ব্যবহার করতে পারবেন।

লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা)

http://lima.dife.gov.bd

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

বিএফডিসি কমার্শিয়াল কমপ্লেক্স

২৩-২৪ কাওরান বাজার (২য় ও ৩য় তলা), ঢাকা ১২১৫

ফোন : +৮৮ ০২ ৫৫০ ১৩৬২৭

Web: www.dife.gov.bd

Email: ig@dife.gov.bd, chiefdife@gmail.com

এই প্রকাশনাটি কানাডা, নেদারল্যান্ডস, যুক্তরাজ্য ও আন্তর্জাতিক শ্রম সংস্থা (আই,এল,ও)-র 'তৈরি পোশাক শিল্পে কর্ম-পরিবেশ উন্নয়ন কর্মসূচি'-এর সহায়তায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক প্রকাশিত

Canada

Kingdom of the Netherlands

UKaid from the British people

International Labour Organization